# ন্যাশনাল ই-সাইকেল স্কিমের দক্ষতা ও আত্মবিশ্বাসের সেশন এবং ইভেন্টের জন্য শর্তাবলী

19 মে 2023সরাসরি

## 1. ভূমিকা

1.1. ন্যাশনাল ই-সাইকেল স্কিম (“স্কিম”)-এর অধীনে একটি ‘মেকিং সাইক্লিং ইজিয়ার’ ইভেন্ট (“ইভেন্ট”) এর জন্য আপনার বুকিংয়ের ক্ষেত্রে এই শর্তাবলী প্রযোজ্য।

1.2. ইভেন্টে একটি জায়গা সংরক্ষণ করার মাধ্যমে, আপনি এটি নিশ্চিত করেছেন যে আপনি এই ইভেন্টে যোগ দিতে চান এবং আমরা আপনাকে ইভেন্টে ভর্তি করতে এবং আপনার পৃথক বুকিং নিশ্চিতকরণে ঘোষিত ইভেন্টে ব্যবহারের জন্য আপনাকে একটি বৈদ্যুতিক সাইকেল (“ই-সাইকেল”), আনুষাঙ্গিক সরঞ্জাম এবং সংযোজনগুলি সরবরাহ করতে সম্মত হয়েছি।

1.3. ইভেন্ট ও আপনার একটি ই-সাইকেল ব্যবহার এবং সরবরাহ করা আনুষাঙ্গিক সরঞ্জামের ব্যবহার (লাইট, লক এবং হেলমেট সহ) সর্বাধিক 2 ঘণ্টার বেশি স্থায়ী হবে না এবং এগুলো আপনাকে বিনামূল্যে প্রদান করা হবে।

1.4. ইভেন্ট বুকিং করা এবং আমাদের বুকিং ম্যানেজমেন্ট সিস্টেমের প্রাসঙ্গিক বাক্সে টিক চিহ্ন দেওয়ার দ্বারা, আপনি এই শর্তাবলী (“শর্তাবলী”) মেনে চলতে এবং আবদ্ধ হতে সম্মত হন।

1.5. একটি ই-সাইকেলের জন্য যেকোনো ঋণের ক্ষেত্রে পৃথক শর্তাবলী প্রযোজ্য হতে পারে, যা আমরা আপনাকে আলাদাভাবে সরবরাহ করবো।

1.6. অনুগ্রহপূর্বক মনে রাখবেন যে আপনি যদি এই শর্তাবলীর যেকোনো একটি লঙঘন করেন, তাহলে আমরা আপনাকে ইভেন্টে প্রবেশের অনুমতি দিতে অস্বীকার করতে পারি এবং/অথবা আপনাকে ইভেন্ট ছেড়ে যেতে বাধ্য করতে পারি।

## 2. আমাদের ও স্কিম সম্পর্কিত তথ্য

2.1. আমরা সাইক্লিস্টস ট্যুরিং ক্লাব (সাইক্লিং ইউকে হিসাবে ব্যবসা করছি) কোম্পানি নম্বর 25185 নিয়ে ইংল্যান্ড ও ওয়েলসে অন্তর্ভুক্ত ও নিবন্ধিত এবং দাতব্য নম্বর 1147607 নিয়ে ইংল্যান্ড ও ওয়েলসে দাতব্য প্রতিষ্ঠান হিসাবে নিবন্ধিত এবং দাতব্য নম্বর SC042541 নিয়ে স্কটল্যান্ডে নিবন্ধিত যার নিবন্ধিত অফিস Parklands, Railton Road, Guildford, Surrey GU2 9JX-তে ("সাইক্লিং ইউকে")।

2.2. জনসচেতনতা এবং বোঝাপড়া বৃদ্ধি করা এবং ই-সাইকেল গ্রহণকে ত্বরান্বিত করাই এ স্কিমটির লক্ষ্য। স্কিমটি প্রদানের জন্য আমরা ডিপার্টমেন্ট ফর ট্রান্সপোর্ট থেকে অর্থায়ন পেয়েছি।

2.3. এই শর্তাবলী, আপনার ই-সাইকেল, ইভেন্টসমূহ এবং/অথবা স্কিম সম্পর্কিত যেকোনো প্রশ্নের ব্যাপারে আপনি আমাদের সাথে ইমেইল করে যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: bookings.makingcyclingeasier@cyclinguk.org

## 3. ইভেন্টে জায়গা সংরক্ষণ করা

কোনো ইভেন্টে একটি জায়গা সংরক্ষণ করতে, আপনাকে অবশ্যই:

3.1.1. 16 বছর বা তার বেশি বয়সী হতে হবে;একজন দক্ষ ও যোগ্য সাইক্লিস্ট হতে হবে;

3.1.2. নিশ্চিত করতে হবে যে বুকিং প্রক্রিয়া চলাকালীন আপনার দেওয়া সকল তথ্য সঠিক, সম্পূর্ণ এবং বিভ্রান্তিকর নয়;

3.1.3. এই শর্তগুলোর ব্যাপারে সম্মতি দিতে হবে।

3.2. ইভেন্টে অংশ নেওয়ার জন্য আপনার বুকিং-এর অনুরোধ প্রত্যাখ্যান করার ব্যাপারে আমাদের পরম ইচ্ছাসাধীনতা রয়েছে।

3.3. ইভেন্টে উপস্থিত থাকার সময় আপনাকে অবশ্যই আপনার পরিচয়ের প্রমাণ প্রদান করতে হবে (যেমন, ড্রাইভিং লাইসেন্স, পাসপোর্ট, ইউকে বায়োমেট্রিক রেসিডেন্স পারমিট (BRP), অ্যাসাইলাম রেজিস্ট্রেশন কার্ড (ARC), নন-ইউকে জাতীয় পরিচয়পত্র ইত্যাদি অথবা একজন কর্মী/NHS/শিক্ষার্থী একটি কর্মক্ষেত্র বা শিক্ষা কেন্দ্রে বিতরণ করা কোনো ইভেন্টের জন্য আইডি পাস), এবং আপনাকে অবশ্যই আপনার সাথে আপনার বুকিং নিশ্চিতকরণ নথি আনতে হবে। ফটো আইডি পছন্দনীয়, তবে আমরা ইউটিলিটি বিল, কাউন্সিল ট্যাক্স বিল বা গত 3 মাসের মধ্যে ইস্যু করা ব্যাংক স্টেটমেন্টও গ্রহণ করবো যদি আপনার কোনো ফটো আইডি না থাকে এবং এটি আপনার পুরো নাম এবং ঠিকানা দেখায়।

3.4. আপনার বুকিং নিশ্চিতকরণে বর্ণিত তারিখ এবং সময়ে ইভেন্টটি শুরু এবং শেষ হবে।

3.5. পর্যবেক্ষণ ও মূল্যায়নের উদ্দেশ্যে, ইভেন্ট বুকিং অবশ্যই স্বতন্ত্রভাবে করা উচিত। প্রতিটি বুকিং শুধুমাত্র বুকিং নিশ্চিতকরণের ভিত্তিতে নাম নিশ্চিতকৃত ব্যক্তির জন্য বৈধ এবং আপনি প্রতিটি ইভেন্টে শুধুমাত্র একজনকে বুক করতে পারবেন। সন্দেহ এড়ানোর জন্য, অংশগ্রহণকারীরা একাধিক ইভেন্টে যোগদানের যোগ্য।

3.6. আপনি আমাদের পর্যবেক্ষণ এবং মূল্যায়ন প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে সম্মত হবেন, যার মধ্যে একটি প্রাক-ইভেন্ট জরিপ এবং দুটি ইভেন্ট-পরবর্তী জরিপ অন্তর্ভুক্ত রয়েছে। আপনি বেনামে এই জরিপে অংশ নিতে পারেন।

3.7. ইভেন্টে আপনার অংশগ্রহণের পর, সাইক্লিং ইউকে বা ডিপার্টমেন্ট ফর ট্রান্সপোর্টের মূল্যায়ন অংশীদার, স্টিয়ার (Steer), আপনাকে স্কিম, ইভেন্ট এবং এতে আপনার অংশগ্রহণের সাথে সম্পর্কিত আরও গবেষণায় অংশ নিতে আমন্ত্রণ জানাতে আপনার সাথে যোগাযোগ করতে পারে।

## 4. আপনার বাধ্যবাধকতাসমূহ

4.1. একটি ইভেন্টে যোগদান করার সময়, আপনাকে অবশ্যই:

4.1.1. এই শর্তাবলী ও প্রযোজ্য সকল আইন মেনে চলতে হবে;

4.1.2. ই-সাইকেল ও অন্য কোনো সরঞ্জাম যুক্তিসঙ্গত এবং দায়িত্বশীলভাবে ব্যবহার করতে হবে;

4.1.3. আমাদের ইভেন্ট-এর কর্মীদের দেওয়া সকল নির্দেশ অনুসারে ই-সাইকেল এবং অন্য কোনো সরঞ্জাম ব্যবহার করতে হবে;

4.1.4. আমাদের ইভেন্ট-এর কর্মীদের দ্বারা আপনাকে দেওয়া সকল স্বাস্থ্য ও নিরাপত্তা নির্দেশাবলী এবং নির্দেশিকা অনুসরণ করতে হবে; এবং

4.1.5. ইভেন্ট-এর কর্মীদের এবং অন্যান্য অংশগ্রহণকারীদের সাথে বিনয়ী এবং শ্রদ্ধার সাথে আচরণ করতে হবে এবং ইভেন্টে ইভেন্ট-এর কর্মীদের দ্বারা প্রদত্ত যে কোনো নির্দেশ বা নিয়ম মেনে চলতে হবে।

4.2. একটি ইভেন্টে যোগদান করার সময়, আপনার যা যা অবশ্যই করা উচিত নয়:

4.2.1. ই-সাইকেল বা আপনাকে দেওয়া অন্য কোনো উপাদান, সরঞ্জাম এবং আনুষাঙ্গিক ক্ষতি, বিকৃত বা ভাংচুর করা;

4.2.2. রেসিং, স্টান্ট বা ট্রিক রাইডিংয়ের জন্য ই-সাইকেল ব্যবহার করা;

4.2.3. অ্যালকোহল, কড়া ওষুধ বা অন্যান্য ওষুধের প্রভাবে থাকা অবস্থায় ইভেন্টে উপস্থিত হওয়া;

4.2.4. আমাদের প্রকাশ্য অনুমতি ছাড়াই ইভেন্টের অবস্থান, ই-সাইকেল, কোনো অংশগ্রহণকারী বা আমাদের প্রশিক্ষক(দের) ছবি তোলা;

4.2.5. আমাদের সুস্পষ্ট অনুমতি ছাড়া আপনার মোবাইল ফোন ব্যবহার করা;

4.2.6. অসামাজিক, অভদ্র, বর্ণবাদী, যৌনতাবাদী, আপত্তিকর বা আক্রমনাত্মক উপায়ে (তবে শুধু এতেই সীমাবদ্ধ নয়) এমন একটি পদ্ধতিতে আচরণ করা যা অন্যদের উদ্বেগ, অপরাধ বা কষ্টের কারণ হতে পারে বা এমনভাবে আচরণ করা যা আমাদের ইভেন্ট স্টাফ বা অন্য কোনো অংশগ্রহণকারী জন্য হয়রানিমূলক হতে পারে।

4.3. ইভেন্টের শেষে, আপনাকে অবশ্যই আমাদের কাছে ই-সাইকেল এবং সরবরাহ করা উপাদান, আনুষাঙ্গিক বা অন্যান্য সরঞ্জামগুলি ইভেন্টের সময় আপনাকে সরবরাহ করা একই অবস্থায় ফিরিয়ে দিতে হবে।

4.4. যদি আমাদের যদি মনে হয় যে আপনার আচরণ আপত্তিকর, বেআইনি, হুমকিস্বরূপ, অপমানজনক, অনুপযুক্ত, ক্ষতির কারণ হতে পারে, বা অন্যান্য অংশগ্রহণকারী, ইভেন্ট স্টাফ, আমাদের কোনো এজেন্ট এবং/অথবা সাধারণ জনগণের উপভোগ, স্বাচ্ছন্দ্য বা নিরাপত্তা নষ্ট করে, অথবা যদি আপনি অন্যথায় এই শর্তাবলী লঙঘন করেন সেক্ষেত্রে আমরা আমরা আমাদের পরম বিবেচনার ভিত্তিতে, ইভেন্টে আপনার অংশগ্রহণকে প্রত্যাখ্যান করার এবং/অথবা আপনাকে ইভেন্ট থেকে সরিয়ে দেওয়ার অধিকার সংরক্ষণ করি। এর মধ্যে এমনভাবে কাজ করা অন্তর্ভুক্ত যা সম্পত্তির ক্ষতির কারণ হয় বা হতে পারে (ই-সাইকেল সহ, তবে এটা শুধু এতেই সীমাবদ্ধ নয়)।

4.5. উপরের ধারা 4.4-এ বর্ণিত পরিস্থিতি অনুযায়ী আপনাকে কোনো ইভেন্ট থেকে সরিয়ে দেওয়া হলে আপনাকে কোনো ক্ষতিপূরণ প্রদান করা হবে না, এবং আমরা আপনার বা আপনার দলের কোনো সদস্যের কাছ থেকে ভবিষ্যতের কোনো ইভেন্ট (বা অনুরূপ)-এর জন্য আরো কোনো বুকিং প্রত্যাখ্যান করার অধিকার সংরক্ষণ করি।

4.6. আমরা আপনার দ্বারা সংঘটিত কোনো ক্ষতি, লোকসান, বিলম্ব বা ব্যয়ের জন্য দায়ী নই, অথবা আপনি ইভেন্টে সাথে আনতে পারেন এমন কোনো সম্পদ, সম্পত্তি, বস্তু বা অনুরূপ আইটেমের ক্ষতি, চুরি বা ক্ষতির জন্য আমরা দায়ী নই। সন্দেহ এড়ানোর জন্য, আমরা আপনার প্রতি আমাদের দায়বদ্ধতাকে বাদ দিই না বা সীমাবদ্ধ করি না যেখানে এটি করা বেআইনি হবে। যেমন, এই শর্তাবলীর কোন কিছুই আমাদের অবহেলার কারণে মৃত্যু বা ব্যক্তিগত আঘাতের জন্য, বা প্রতারণা বা প্রতারণামূলক ভুল উপস্থাপনের জন্য, বা অন্য যেকোন বিষয়ের জন্য যা বাদ দেওয়া আমাদের জন্য বেআইনি বা বেআইনি হবে তার জন্য আমাদের দায়কে এড়িয়ে যায় না বা সীমাবদ্ধ করে না।

## 5. নিরাপত্তা ও সুরক্ষা

5.1. আমরা চাই আমাদের ইভেন্টে অংশগ্রহণ করার সময় আপনার একটি নিরাপদ এবং উপভোগ্য অভিজ্ঞতা হোক। আমরা অনুরোধ করছি যে উপরের 4.1 ও 4.2 ধারায় বর্ণিত আমাদের শর্তাবলী মেনে চলার পাশাপাশি, আপনি ইভেন্টের সময় সতর্কতা এবং ভালো বিবেচনা কাজে লাগান এবং আমরা দৃঢ়ভাবে পরামর্শ দিই যে আপনি হেলমেট পরিধান করবেন এবং আমাদের ইভেন্টগুলিতে অংশগ্রহণ করার সময় উপযুক্ত সুরক্ষা সরঞ্জাম এবং পোশাক ব্যবহার করবেন।

5.2. আপনি স্বীকার করবেন যে সাইকেল চালানোতে ঝুঁকি রয়েছে এবং নিশ্চিত করবেন যে আপনি একজন দক্ষ সাইক্লিস্ট যিনি ইভেন্টে নিরাপদে এবং দায়িত্বের সাথে সাইকেল চালাবেন। আপনি শারীরিকভাবে নিরাপদে ই-সাইকেল ব্যবহার করতে সক্ষম তা নিশ্চিত করার জন্য আপনি দায়ী এবং আপনি স্বীকার করছেন যে আপনি নিজের ঝুঁকিতে রাইড করছেন।

5.3. আমাদের ইভেন্টগুলির একটিতে যোগদান করার সময় আপনার ব্যক্তিগত জিনিসপত্র আপনার নিজের দায়িত্ব।

5.4. আমাদের একটি ইভেন্টে যোগদানের আগে আপনার দ্বারা সকল প্রাসঙ্গিক চিকিৎসা তথ্য অবশ্যই আমাদেরকে সরবরাহ করতে হবে এবং আপনি উপস্থিত থাকার জন্য উপযুক্ত এবং সুস্থ আছেন তা নিশ্চিত করা একমাত্র আপনারই দায়িত্ব। আপনি অনিশ্চিত হলে, ইমেইল দ্বারা আমাদের সাথে যোগাযোগ করুন এই ঠিকানায়: bookings.makingcyclingeasier@cyclinguk.org.

## 6. বর্জন ও বহিষ্কার

6.1. আপনি যদি কোনো সময়ে এই শর্তাদি (ধারা 4.1 ও 4.2 এর অধীনে আমাদের ব্যবহারের শর্তাবলী এতে অন্তর্ভুক্ত, কিন্তু শুধু এতেই সীমাবদ্ধ নয়) এবং/অথবা কোনো প্রযোজ্য আইন মেনে না চলেন, তাহলে যে কোনো ইভেন্ট থেকে আপনাকে বাদ দেওয়ার জন্য এই শর্তাবলীর অধীনে আমাদের অধিকার এর অতিরিক্ত আমরা এই স্কিমে আপনার অংশগ্রহণকে বাদ দিতে বা স্থগিত করতে পারি।

6.2. যেখানে এই ধরনের অ-সম্মতি একটি অপরাধমূলক প্রকৃতির হতে পারে, যার মধ্যে ই-সাইকেলের চুরি (কিন্তু শুধু এতেই সীমাবদ্ধ নয়) অন্তর্ভুক্ত, আমরা বিষয়টি উল্লেখ করার এবং সকল প্রাসঙ্গিক তথ্য পুলিশের কাছে প্রকাশ করার অধিকার সংরক্ষণ করি। পুলিশ কর্তৃক প্রাপ্ত তথ্য (আমাদের কাছ থেকে হোক বা তৃতীয় কোনো পক্ষ থেকে হোক) আপনাকে স্কিমটিতে অংশগ্রহণ থেকে বাদ দিতে বা স্থগিত করতে ব্যবহার করা যেতে পারে।

6.3. আপনাকে স্কিম থেকে বাদ দেওয়া বা স্থগিত করা হলে আমরা আমাদের নিজস্ব বিবেচনার ভিত্তিতে আপনার ইভেন্ট বুকিং বাতিল করতে পারি।

## দায় ও বিমা

6.4. ইভেন্টে আপনার ব্যবহারের সময় ই-সাইকেল এবং যেকোনো আনুষাঙ্গিক সরঞ্জাম আমাদের মালিকানাধীন (বা প্রযোজ্য ক্ষেত্রে আমাদের অংশীদারদের সম্পত্তি) থাকবে।

6.5. ইভেন্ট চলাকালীন ব্যবহারের জন্য ই-সাইকেল এবং আপনাকে প্রদত্ত অন্য যেকোনো উপকরণের লোকসান, চুরি বা ক্ষতির জন্য আপনি দায়ী থাকবেন।

6.6. আমাদের যুক্তিসঙ্গত নিয়ন্ত্রণের বাইরে সংঘটিত ঘটনাসমূহের কারণে এই শর্তাবলীর অধীনে আমাদের কোনও বাধ্যবাধকতা সম্পাদন করতে কোনো বিলম্ব বা ব্যর্থতার জন্য আমরা দায়ী বা দায়বদ্ধ নই।

6.7. টিয়ার ই-সাইকেলের সাথে প্রদত্ত Qi (ওয়্যারলেস) চার্জিং এবং/অথবা মোবাইল ফোন হোল্ডারের অকার্যকারিতা বা ক্রুটির জন্য আমরা দায়বদ্ধ বা দায়ী নই, কারণ ইভেন্টগুলো নির্দিষ্ট কর্মক্ষেত্রে থেকে অনুষ্ঠিত হচ্ছে।

6.8. ইভেন্টের সাথে সম্পর্কিত জনসাধারণের দায়জনিত বিমা বজায় রাখে সাইক্লিং ইউকে।

## 7. তথ্য সুরক্ষা

7.1. কিভাবে আমরা আপনার ব্যক্তিগত তথ্য ব্যবহার করতে পারি তা আমাদের গোপনীয়তা নীতি (নিচে লিঙ্ক দেওয়া আছে) নিয়ন্ত্রণ করে। অনুগ্রহপূর্বক গোপনীয়তা নীতিমালা যত্নসহকারে পর্যালোচনা করুন।
https://www.cyclinguk.org/article/making-cycling-e-asier-privacy-notice

## 8. বাতিলকরণ

8.1. আপনি bookings.makingcyclingeasier@cyclinguk.org ঠিকানায় ইমেইলের মাধ্যমে আমাদের সাথে যোগাযোগ করে আপনার ইভেন্ট বুকিং সংশোধন বা বাতিল করতে পারেন

8.2. আপনি কোনো ইভেন্ট বুকিং অন্য কোনো ব্যক্তির নামে স্থানান্তর করতে পারবেন না বা বুকিং নিশ্চিতকরণে তালিকাভুক্ত নাম পরিবর্তন করতে পারবেন না।

8.3. স্কিমটি চলমান থাকার উপর আপনার ইভেন্ট বুকিং শর্তসাপেক্ষ। আমরা স্কিম সমাপ্তি, প্রতিকূল আবহাওয়া বা নিরাপদে ইভেন্ট প্রতিবিধানে অক্ষমতা সহ (তবে তা শুধু এতেই সীমাবদ্ধ নয়) যেকোনো কারণে আপনার করা যেকোন ইভেন্ট বুকিং বাতিল করার অধিকার সংরক্ষণ করি।

## 9. অভিযোগ

9.1. এই শর্তাবলী, আপনার বুকিং, বা ইভেন্ট সম্পর্কে আপনার যদি কোনো প্রশ্ন থাকে বা আপনি যদি কোনো অভিযোগ করতে চান, তাহলে অনুগ্রহপূর্বক আমাদের সাথে ইমেইলের মাধ্যমে যোগাযোগ করুন: bookings.makingcyclingeasier@cyclinguk.org

## 10. হালনাগাদকরণ

10.1. আমরা সময়ে সময়ে এই শর্তাবলী পরিবর্তন বা হালনাগাদ করতে পারি।

## 11. অন্যান্য

11.1. আপনাকে অবশ্যই যত তাড়াতাড়ি সম্ভব (এবং কোনো কোনো ক্ষেত্রে, ইভেন্টের তারিখের আগে) আমাদের সাথে ইমেইলের মাধ্যমে যোগাযোগ করে আপনার যোগাযোগের বিশদ বিবরণ পরিবর্তনের বিষয়ে আমাদের অবহিত করতে হবে: bookings.makingcyclingeasier@cyclinguk.org.

11.2. আপনি ও আমরা ছাড়া এই চুক্তিতে অন্য কোনো পক্ষ নেই। অন্য কোনো ব্যক্তির এই শর্তাবলী প্রয়োগ করার কোনো অধিকার থাকবে না।

11.3. এই শর্তাবলীর অধীনে আপনি আপনার কোনো অধিকার অন্য কোনো ব্যক্তির কাছে হস্তান্তর বা বরাদ্দ করতে পারবেন না।

11.4. এই শর্তাবলীর প্রতিটি অনুচ্ছেদ আলাদাভাবে পরিচালিত। যদি কোনো আদালত বা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সিদ্ধান্ত নেয় যে এই শর্তগুলির মধ্যে যেকোনো একটি বেআইনি, তবে অবশিষ্ট অনুচ্ছেদগুলি প্রযোজ্য পরিমাণে (এবং সেই অনুযায়ী ব্যাখ্যা করা) পূর্ণ ক্ষমতাবান এবং কার্যকর থাকবে।

11.5. এই শর্তাবলীর অধীনে কোনো অধিকার বা বিধান কার্যকর করতে ব্যর্থ হওয়ার দ্বারা এরুপ অধিকার বা বিধান পরিত্যাজ্য হবে না।

11.6. এই শর্তাদি অন্য কোনো ভাষায় অনুদিত হলে এবং শর্তাবলীর সংস্করণগুলির মধ্যে কোনো অসঙ্গতি থাকলে এই ইংরেজি ভাষার সংস্করণটি অগ্রাধিকারযোগ্য হবে।

11.7. এই শর্তাবলী ইংলিশ ও ওয়েলশ আইন দ্বারা নিয়ন্ত্রিত হয় এবং আমাদের মধ্যে শর্তগুলো সম্পর্কে কোনো বিরোধ দেখা দিলে তা ইংলিশ ও ওয়েলশ আদালতে শুনানি হবে।